



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিএম, প্রধান কার্যালয়
www.bsti.gov.bd
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.১৯১.২৩.১৪৯৯ / ১৭২৪৫

তারিখ: ২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

প্রাপক:

কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।

বিষয়: এলসি নং- ০২৬৮২৩০১০২৪৩, তারিখ: ১০-০৫-২০২৩ খ্রিঃ; বিল অব এন্ট্রি নং- সি ১৯০০৮, তারিখ: ১০-০৭-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে চীন হতে আমদানিকৃত ২৯০০০ পিস Self Ballasted LED Lamps (AC/DC LED Bulb) ছাড়করণের জন্য সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এন. কে এন্টারপ্রাইজ, কোতয়ালী, ঢাকা নামীয় প্রতিষ্ঠানের গত ১৬-০৭-২০২৩ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং- বাম/অবা-১/৬(৮৬)/২০১০, তারিখ: ২৬-০৭-২০১০ খ্রিঃ ও শিল্প মন্ত্রণালয়ের পত্র নং -৩৬.০৬৭.০২৭.০২.০০.০০১.২০১০/২০৮, তারিখ: ০২-০৮-২০১০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী এন. কে এন্টারপ্রাইজ, ৬০, লয়াল স্ট্রিট, পাটুয়াটুলি রোড, কোতয়ালী, ঢাকা কর্তৃক আমদানিকৃত Self Ballasted LED Lamps (AC/DC LED Bulb) পণ্যের অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানিকারকের জিম্মায় সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো:

শর্তসমূহ:

(ক) এন. কে এন্টারপ্রাইজ, ৬০ লয়াল স্ট্রিট, পাটুয়াটুলি রোড, কোতয়ালী, ঢাকা কর্তৃক আমদানিকৃত Self Ballasted LED Lamps (AC/DC LED Bulb) পণ্য আবেদনপত্রে বর্ণিত ৬০, লয়াল স্ট্রিট, পাটুয়াটুলি রোড, কোতয়ালী, ঢাকা ঠিকানায় অবস্থিত ওয়্যারহাউজ/গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় রাখতে হবে।

(খ) পণ্য ছাড় করে ওয়্যারহাউজ/গোডাউনে সংরক্ষণ করার পরের কার্যদিবসে পূর্ণাঙ্গ ঠিকানা বিএসটিআই, ঢাকা-কে অবহিত করতে হবে। বিএসটিআই, ঢাকা এর উপযুক্ত কর্মকর্তা কর্তৃক উক্ত ওয়্যারহাউজ/গোডাউন সিলগালা করা হবে। সংশ্লিষ্ট মান অনুযায়ী পণ্য পরীক্ষায় কৃতকার্য হলে পণ্য বিক্রয়-বিতরণের উদ্দেশ্যে সিলগালা খুলে দেয়া হবে।

(গ) চূড়ান্ত ছাড়পত্র না পাওয়া পর্যন্ত পণ্য বিক্রয়-বিতরণ করা যাবে না। এর ব্যত্যয় হলে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) পণ্য সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস ৬২৬১২:২০১৫) অনুযায়ী অকৃতকার্য হলে বিএসটিআই কর্তৃক সিলগালাকৃত পণ্যসমূহের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫